



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১১৭০

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০

০৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: খুলনা বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে সড়ক পথে মোট ৪০০০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচলসূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা ০৪-০৯-২০২৩ স্থি. এর ১৩.০১.০০০০.২৩০.৫০.০০৩.২৩-৮৩৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ'২০২৩ মৌসুমে চাল সংগ্রহ সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত কুষ্টিয়া জেলার সদর এলএসডি ও জগতি এলএসডি হতে মোট ৪০০০ মে.টন সদ্য সংগৃহীত বোরো'২০২৩ সিদ্ধচাল খুলনা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার এলএসডি/সিএসডিতে মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা প্রস্তাবমতে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ'২০২৩ মৌসুমে চাল সংগ্রহ সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত কুষ্টিয়া জেলার সদর এলএসডি হতে খুলনা জেলার মহেশ্বরপাশা সিএসডিতে ১৫০০ মে.টন ও মেহেরপুর সদর এলএসডিতে ৫০০ মে.টন এবং জগতি এলএসডি হতে মহেশ্বরপাশা সিএসডিতে ১৫০০ মে.টন ও চুয়াডাঙ্গা জেলার সদর এলএসডিতে ৫০০ মে.টনসহ মোট ৪০০০ মে.টন বোরো'২০২৩ সিদ্ধচাল মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলো।

সারণি-১ : খুলনা বিভাগে বোরো'২০২৩ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	কুষ্টিয়া	কুষ্টিয়া এলএসডি	খুলনা	মহেশ্বরপাশা সিএসডি	১৫০০	বোরো'২৩ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	মেহেরপুর	মেহেরপুর এলএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	জগতি এলএসডি	খুলনা	মহেশ্বরপাশা সিএসডি	১৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা এলএসডি	৫০০	ঐ	ঐ	
				মোট =	৪০০০			

\* চলমান বোরো'২৩ সংগ্রহ সফল করার স্বার্থে খুলনা বিভাগের স্থাপনাসমূহে যাতে কোন খালি জায়গা অব্যবহৃত না থাকে সেটি নিশ্চিত করার লক্ষ্যে এ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত নির্দেশনাসমূহ পরিপালনপূর্বক

আইআরটিসি ও ডিআরটিসি সূচির মাধ্যমে খালি জায়গায় মজুত গড়ে তোলার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেপিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৫-৯-২০২৩

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১১৭০/১(৫)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০

০৫ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



৫-৯-২০২৩

মোঃ ফজলে রাক্বী হায়দার  
উপপরিচালক